30 Rs.




Act XVII of 19... 55(C)

FEES PAID

E 6.00
N 1.20
7.20

Sub-Registrar of Alipore
24-Parganas
2.5.79

মুক্তিপত্র নামা

মুক্তিপত্র গ্রহীতা -

১। শ্রীমতি উমা মুখোটি
স্বামী শ্রী ধ্রুব নাথ মুখোটি
পেশা - গৃহস্থালী ।

২। শ্রী ধ্রুব নাথ মুখোটি
পিতা ৺ হরেন্দ্র লাল মুখোটি,
পেশা চাকুরী

১ ও ২নং গ্রহীতার জাতি হিন্দু,
সাকিম সাবেক ১৩১ নং যোধপুর
পার্ক, ঢাকুরিয়া, থানা টালিগঞ্জ-
জেলা ২৪পরগণা, কলিকাতা ৭০০০৬৮,
হাল সাকিম ৪৭।সি।১ মুর এভিনিউ

মুক্তিপত্র দাতা -

শ্রীমতি শান্তনা রায়
স্বামী ৺ শুভেন্দু শেখর রায়
জাতি হিন্দু, পেশা গৃহস্থালী,
সাকিম ১১৪।এইচ, সেলিমপুর
রোড, থানা সাবেক যাদবপুর,
হাল কসবা, কলিকাতা ৭০০০৩১
জেলা ২৪ পরগণা ।

2 0 - 4 7 9

ক্রমিক নং 1026 তারিখ ........ মূল্য ...

নাম ...

ঠিকানা 47/C/11, ... Avenue ...

ভেণ্ডার ...

আলিপুর জর্জ কোর্ট

Presented for Registration at 10-45 A. M. or P. M. on the 2nd day of May 1979 at the Office of the Joint Sub-Registrar Alipur at Alipur by Santwana Roy Executant or Claimant or attorney

Santwana Roy

Sub-Registrar of Alipore
24-Parganas
2.5.79

Santwana Roy
Son/Wife of Lt. Sudhendu Sekhar Roy
57/114/H Selimpur Road
Thana Kasba
District Calcutta-700031
By Caste Hindu by Profession H/wife

— Santwana Roy

2431

Amal Kumar Ghose
Son/Wife of Advocate
Thana ...
District ...
By Caste ... by Profession ...

Amal Kumar Ghosh
Advocate

Sub-Registrar of Alipore
24-Parganas
2.5.79

থানা রিজেন্ট পার্ক ,
কলিকাতা ৭০০০৪০,
জেলা ২৪ পরগণা ।

কস্য মুক্তিপত্র নামা কার্য্যঞ্চাগে ঃ—

জেলা ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জহাল যাদবপুর , বর্ত্তমানে রিজেন্ট পার্ক থানার অন্তর্গত জে এল নং ৪২ , পরগণা খাসপুর সাবরেজেষ্ট্রী আফিস আলিপুর, মৌজা শিবপুর গ্রামে ১৭৭ নং খতিয়ান ভুক্ত ৪১৭ ও ৪১৮ নং দাগের লিপিবদ্ধ - মোট ·৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমির মধ্য হইতে আলাহিদাভাবে চিহ্নিত ও প্রাচীর বেষ্টিত /৩॥/২৫ তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারত বাটির অর্দ্ধাংস মায় সাজপাট আওলাত প্রাচীর আদি যাহা বর্ত্তমানে ৪৭সি।১ মুর এভিনিউ বলিয়া পরিচিত যাহার - বিশেষ বিবরন ও চৌহদ্দি নিম্নের ॥ ক ॥ তপশীলে বর্ণিত হইল তাহা প্রথম - মুক্তিপত্র গ্রহীতা আপনি বিগত ইংরাজী ডিসেম্বর মাসের ১৮ ই তারিখে ১৯৭৪ সালে এক বিক্রয় কোবালা মূলে ক্রয় করিয়াছেন যাহা আলিপুরের সাবরেজেষ্ট্রী আফিসের ১নং বহির ১৭০ নং ভল্যুমে ২৫৮ হইতে ২৭৯ পৃষ্ঠায় ১৯৭৪ সালের ৬৪৩০ নম্বর দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত ক্রয় কালে আপনি পণের সমুদয় অর্থ প্রদানে অক্ষম হওয়ায় পণের বাবদে ১০০০০ দশ হাজার টাকার প্রথম বন্ধকী - দলিল দ্বিতীয় মুক্তিপত্র গ্রহিতার সহিত একযোগে প্রথম বন্ধকী খত মুক্তিপত্র - দাতার অনুকুলে ইংরাজী ১৯৭৪ সালের ডিসেম্বর মাসের ১৮ই তারিখে সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিয়া চুক্তিবদ্ধ হইয়াছিলেন। উক্ত বন্ধকী খত দলিল - আলিপুরের সাবরেজেষ্ট্রী অফিসের ১নং বহির ১৭০ নং ভল্যুমের ২৮০ হইতে ২৮৭ পৃষ্ঠায় সন ১৯৭৪ সালের ৬৪৩১ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত বন্ধকী

দলিলে নিম্নলিখিত সর্ত সমূহ লিখিত আছে যথা ঃ-

১। বিক্রয় দিন হইতে চারি বৎসর মধ্যে সমুদয় ১০,০০০্দশ হাজার টাকা বিনা সুদে সম চারি কিস্তিতে প্রদান করিবেন অর্থাৎ প্রতি বৎসর - ২৫০০্দুই হাজার পাঁচশত টাকা হারে বিনা সুদে প্রদান করিবেন।

২। বিক্রিত সম্পত্তির মূল দলিল প্রথম বন্ধক গ্রহিতা নিকট সিকিউরিটি স্বরূপে গচ্ছিত থাকিবে।

৩। বিক্রিত সম্পত্তি বন্ধকের দায়ে আবদ্ধ রহিল ও বন্ধক দাতাগণ - স্বয়ং ব্যক্তিগত ভাবে দায়িক থাকিবেন।

৪। বিক্রিত সম্পত্তির দখল এক নম্বর বন্ধক দাতার রহিল। তিনি নিয়মিত ট্যাকসাদি আদায় দিবেন ও যথোপযুক্ত রক্ষাবেক্ষন করিবেন প্রয়োজনীয় - সংস্কার বা পরিবর্দ্ধন ও যাবতীয় উন্নতি সাধন করিবেন।

৫। চুক্তিমত সমুদয় বন্ধকের টাকা এক নম্বর ও দ্বিতীয় নম্বর বন্ধকদাতা প্রদান করিলে তাহাদের খরচায় বন্ধক গ্রহীতা তাহাদের অনুকুলে এক মুক্তিপত্র দলিল সম্পাদন ও নিবন্ধীকরণ করিয়া দিয়া গচ্ছিত মূল বিক্রয় কোবালা ফেরত দিবেন।

চুক্তিপত্র গ্রহীতাদ্বয় আপনারা চুক্তিমত সমুদয় বন্ধকী ঋণ পরিশোধ করিয়াছেন এবং আমি মুক্তিপত্র দাত্রী উপযুক্ত রসিদাদি প্রদানে কিস্তীবন্দী টাকা সমুদয় বুঝিয়া পাইয়াছি যাহার বিশদ হিসাব নিম্নের "খ" তপশীলে বর্ণিত হইল এবং আমার নিকট আপনার গচ্ছিত সমুদয় দলিলাদি যাহার - বিশেষ বিবরন নিম্নের।গ। তপশীলে বর্ণিত হইয়াছে তাহা সমুদয় আপনি -

ইতিপূর্বে আমার নিকট হইতে ফেরৎ পাইয়াছেন ।

আমি মুক্তিপত্র দাত্রী উক্ত প্রথম বন্ধকী খত অনুযায়ী সমুদয় বন্ধকী টাকা প্রাপ্তে ও প্রাপ্তি স্বীকারে অত্র মুক্তিপত্র দ্বারা প্রথম বন্ধকী খতের মুক্তি প্রদানে অত্র মুক্তিপত্র নামা সম্পাদন করিয়া প্রকাশ প্রচার ও অঙ্গিকার করিতেছি যে আমার উক্ত প্রথম বন্ধক খত জনিত বন্ধকী সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ব, স্বামীত্ব , হক হকিয়ত লাভ লভ্য দাবী দাওয়া অধিকারাদি বর্ত্তাইয়াছিল - তাহা অদ্য হইতে সম্পূর্ণ ভাবে রদ রহিত , বাতিল ও অগ্রাহ্য বলিয়া গণ্য - হইবে ।

প্রকাশ থাকে যে বন্ধকী সম্পত্তি সম্পূর্ণ রূপে নির্দ্দোষ ও নির্দায় - এবং নিব্যূঢ় স্বত্বে উক্ত রূপ প্রথম বন্ধকী দায় রহিতে অদ্য হইতে প্রথম মুক্তিপত্র গ্রহীতা আপনাতে বর্ত্তাইল ।

আরও প্রকাশ থাকে যে উক্ত বন্ধকী খতের দরুন মুক্তিপত্র গ্রহীতা - আপনারা সম্পূর্ণ রূপে বন্ধকী খতের দায় হইতে মুক্ত হইলেন এবং ব্যক্তিগত ভাবে আপনাদের আর কোন দায় দায়িত্ব রহিল না বা আমা কর্তৃক কোন - দাবী দাওয়াও থাকিল না ।

আপনারা স্বয়ং এবং আপনাদের স্ব স্ব বংশধর বা স্থলাভিষিক্ত - গণক্রমে দান বিক্রয় সমুদয় হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে পরম সুখে উক্ত সম্পত্তিতে - ভোগদখল করিতে থাকুন তাহাতে আমি বা আমার কোন বংশধর বা কোন উত্তরাধিকার বা আমার নিযুক্ত কোন অছি বা এ্যাটর্নি বা আমার - একজিকিউটর ,এ্যাডমিনিসট্রেটর কেহ কোনরূপ দাবী দাওয়া করিতে পারিবেন

Santwana Roy

২৬৫.

পারিবেন না এবং করিলেও সর্ববত্র , সর্ববদা ও সর্বব আদালতে বাতিল - বলিয়া গণ্য হইবে ।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরণে অন্যের বিনানুরোধে ও প্ররোচনায় স্বেচ্ছায় অত্র মুক্তিপত্রের মর্ম্ম সম্যক বুঝিয়া অত্র মুক্তিপত্র নামা দলিল - আপনাদের অনুকূলে যথারীতি সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি ইংরাজী - ১৯৭৯ সালের 2 মে মোতাবেক বাংলা সন ১৩৮৬ সালের ১৮ই বৈশাখ ।

।ক। তপশীল Santwana Roy

মুক্তিপত্রের ■ সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি ঃ-

জেলা ২৪ পরগণা, পরগনে খাসপুর , সাবরেজেষ্ট্রী আলিপুর, থানা সাবেক সদর টালিগঞ্জহাল যাদবপুর , ৯৫১ নং তৌজি ভুক্ত জে এল নং ৪২,রেঃসাঃ নং ৩৭,মৌজা শিবপুর ১৭৭ নং খতিয়ানে লিপিবদ্ধ ৪১৭ ও ৪১৮ নং দাগের মোট জমি •৮৯ শতক রায়তি স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জমির মধ্য হইতে সাত কাঠা তিন ছটাক পাঁচ স্কোয়ার ফিট জমির পশ্চিমাংশের অর্দ্ধেক কমবেশ - তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল বাটি মায় সাজপাট সরঞ্জামাদি ইলেকট্রিক কানেকসান ও ফিটিংস জলের - পাইপ কানেকসান জলের রিসারভয়ার -(Reservoir) কম্পাউণ্ড প্রাচীর ও সর্ববিধ আওলাত ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক মায় উক্ত বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত - রাস্তা দিয়া চলাচল ও যানবাহনাদির যাতায়াতের ও ব্যবহার জনিত সর্ববপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সমেত উক্ত প্রথম চার্জ্জ যুক্ত সম্পত্তি অত্র দলিল মূলে প্রথম চার্জ্জ - মুক্ত সম্পত্তি হইতেছে । উক্ত সম্পত্তি কলিকাতা কর্পোরেশনে ৯৭ ওয়ার্ড ৪৭সি এক। ৪৭সি/১। নম্বর মুর এভিনিউ প্রেমিসেসস্থিত সম্পত্তি হইতেছে । উক্ত প্রথম চার্জ্জ - মুক্ত সম্পত্তিতে ১নম্বর বন্ধক গ্রহিতা আমার রায়তি স্থিতিবান স্বত্ব হইতেছে এবং

S.R.

Santwana Roy

265.

উক্ত সম্পত্তি মৌজা শিবপুর নিবাসী জমিদার রাম গোপাল দাস নস্কর দিং অধীন উক্ত ১৭৭ নং খতিয়ানে মোট জমি •৮৯ শতক বাবদ বার্ষিক ১৮, টাকা আঠারো টাকা দেয় খাজনা ভুক্ত জমি হইতেছে। উক্ত প্রথম চার্জ্জ মুক্ত সম্পত্তি বাবদ উক্ত মোট ১৮, টাকা জমার মধ্যে হারাহারি মতে বার্ষিক তেরো পয়সা খাজনা দেয় হইতেছে। উক্ত প্রথম চার্জ্জ মুক্ত সম্পত্তির পূর্ব্ব সীমানায় যে পাকা প্রাচীর আছে তাহা অত্র প্রথম চার্জ্জ মুক্ত সম্পত্তি পূর্ব্ব দিকের সম্পত্তির মালিকানী S.R. / শ্রীমতী ~~শীলা~~ বানী ভট্টাচার্য্য এর সহিত কমন বা যৌথ প্রাচীর হইতেছে ও থাকিবে। উক্ত তিন কাঠা নয় ছটাক পঁচিশ স্কোয়ার ফিট জমি মায় তদুপরিস্থিত পাকা দ্বিতল বাটীর চৌহদ্দি ঃ-

উত্তর ঃ- রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর জমি।

S.R. / পূর্ব্ব ঃ ৪৭।সি।১/এনং মুর এভিনিউ প্রেমিসেসস্থিত পূর্ব্বদিকের অর্দ্ধাংশ জমি ও তদুপরিস্থিত বাটি যাহা শ্রীমতি বাণী ভট্টাচার্য্যের সম্পত্তি হইতেছে।

দক্ষিণ ঃ- ৩২'১০" বত্রিশ ফুট দশ ইঞ্চি প্রশস্ত রাস্তা।

পশ্চিম ঃ- রমানাথ এষ্টেট প্রাইভেট লিমিটেড কোম্পানীর জমি।

॥ খ॥ তপশীল-

কিস্তিবন্দি টাকা শোধের জায় -

উক্ত নাম্নী মুক্তিপত্র দাত্রী উক্ত নাম্নী মুক্তিপত্র গ্রহীতাগনের নিকট হইতে উক্ত - S.R. / বন্ধকী বাবদ নিম্ন লিখিত মত চারি কিস্তীতে সমুদয় টাকা ~~পাইয়াছেন~~ ঃ পাইয়াছি

| | | | |
|---|---|---|---|
| ১। ইংরাজী | ২।১২।৭৫ তারিখে | প্রথম বৎসরের কিস্তী বাবদ | ২৫০০, |
| ২। ইংরাজী | ২৯।১২।৭৬ ,, | দ্বিতীয় বৎসরের কিস্তী বাবদ | ২৫০০, |
| ৩। ইংরাজী | ২১।১২।৭৭ ,, | তৃতীয় বৎসরের কিস্তী বাবদ | ২৫০০, |
| ৪। ইংরাজী | ৮।১।৭৯ ,, | চতুর্থ বৎসরের কিস্তী বাবদ | ২৫০০, |

মোট ১০,০০০, দশ হাজার টাকা।

1. Sri Amal Kumar Ghosh, Advocate
Alipore Judges' Court
Calcutta-27

2. Ajit Kumar Bose
114/1A Selimpur Rd, Cal-31

Santwana Roy

265.

গ। তপশীল –

সাবেক দলিল সূত্রের তায়

১। শ্রীমতি উমা মুখোটির নাম বরাবর একখানি বিক্রয় কোবালা যাহা ইংরাজী ১৯৭৪ সালের ১৮ ই ডিসেম্বর তারিখে কোবালা দাত্রি শ্রীমতি সান্ত্বনা রায় কর্তৃক সম্পাদিত ও রেজেষ্ট্রী কৃত হইয়া ১নং বহির ১৭০ নং ভলুমে ২৫৮ হইতে ২৭৯, ১৯৭৪ সালের ৬৪৩০ নং দলিল রূপে – আলিপুরের সাবরেজেষ্ট্রী অফিসে লিপিবদ্ধ আছে।

২। শ্রীমতি সান্ত্বনা রায়ের নাম বরাবর এককেতা প্রথম বন্ধকী খত দলিল যাহা ইংরাজী ১৯৭৪ সালের ১৮ ই ডিসেম্বর তারিখে শ্রীমতি উমা – মুখোটি ও শ্রী ধ্রুব নাথ মুখোটি দ্বয়ের সম্পাদিত ও রেজেষ্ট্রী কৃত দলিল যাহা ১নং বহির ১৭০ নং ভলুমের ২৮০ পৃষ্ঠা হইতে ২৮৭ নং পৃষ্ঠায় – ১৯৭৪ সালের ৬৪৩১ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে।

Santwana Roy

ইসাদী ঃ-


1. Sri Amal Kumar Ghosh
Advocate
2. [illegible]

পুঃ। ১। ৬ষ্ঠ পাতায় ৭ম লাইনে "বাটী" শব্দ কাটা হইল এবং তোলাবাটে "বাটী" শব্দ সরল কলমে লেখা হইল।
২। ঐ পাতায় চৌহদ্দির পূর্ব দিকের বর্ণনায় কাটীর নং ৪৭/সি/৭ এর পর "এ" শব্দ লেখা হইল তোলাবাটে সরল কলমে।
৩। ঐ পাতায় 'খ' তপশিলে "[illegible]" শব্দ কাটা হইল এবং "[illegible]" শব্দ তোলাবাটে সরল কলমে লেখা হইল।

Santwana Roy

টাইপ কারক
শ্রী [illegible] ঘোষ
আলিপুর জজ কোর্ট।

PLOT SOLD IS MARKED 'A' WITH BORDER 'RED'
PORTION OF C.S. DAG. NOS. 417 & 418, KHATIAN NO. 177.
MOUZA - SIBPUR. J.L. NO. 42. P.S. JADABPUR, DIST. - 24 PARGS.
AND PORTION OF PRE: NO. 47C/1, MOOR AVENUE, CAL - 40.
SCALE :- 30'-0" = 1" INCH.
AREA = 3K. - 9CH. - 25 S.FT.




DRAWN BY — R. SAHA.



Sub-Registrar of Alipore
24-Parganas
2.5.79

Plan pasted
Book No. I
Volume No. 55
Pages ... to 119
Serial No. 1282
for the year 1979

ইংরাজী সন ১৯৭৯। ২৫শে মে -

বাংলা সন ১৩৮৬। ১১ই বৈশাখ।

মুক্তিপত্র নামা

১। শ্রীমতি উমা মুখোর্জি
২। শ্রী ধ্রুব নাথ মুখোর্জি
হাল সাকিম ৪৭।সি।১ মুর এভিনিউ, থানা রিজেন্টপার্ক কলিকাতা ৭০০০৪০, জেলা ২৪ পরগণা।

---- গ্রহীতা

এবং

শ্রীমতি শান্তনা রায় -
সাকিম ১১৪।এইচ সেলিমপুর রোড, থানা সাবেক যাদবপুর, হাল কসবা, কলিকাতা ৭০০০৩১
জেলা ২৪ পরগণা।

---- দাতা -

অবর নিবন্ধকের মোহর, আলিপুর, ২৪ পরগণা

Sub-Registrar of Alipore
24-Parganas
2.5.79

অবর নিবন্ধকের মোহর, আলিপুর, ২৪ পরগণা

Sub-Registrar of Alipore
24-Parganas
29/11/79

Book No. I
Volume no. 55
Pages 116 to 122
Being No. 1782
For the year 1979

11.1.80